দৈনিক সংবাদ

তারিখ ...........
পৃষ্ঠা ৬ কলাম ৫

APR 05 2002

# খুলনায় শিক্ষাবৃত্তি ও সনদপত্র বিতরণ

খুলনা থেকে নিজস্ব বার্তা পরিবেশক ঃ বাংলাদেশ শিশু মেধা বিকাশ প্রকল্প খুলনা আয়োজিত কবি জসীম উদদীন শিক্ষাবৃত্তি ও সনদপত্র ২০০১ এবং কবি জসীম উদদীন কিন্ডার গার্টেনের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান সম্প্রতি শেষ হয়েছে।

বৃত্তির সনদপত্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার (উত্তর) মোহাম্মদ আবুল কাশেম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক মানিক সাহা।

কবি জসীম উদদীন শিক্ষাবৃত্তি-২০০১ পরীক্ষায় প্রথম গ্রেডে বৃত্তি প্রদান করেছে ফারহানা মমতাজ ও অনন্যা হোসেনকে, দ্বিতীয় গ্রেডে বৃত্তি প্রদান করেছে সিন্ধিয়া শারমিন ও শরদিন্দু গোপাল কীর্তনীয়াকে। এছাড়াও তৃতীয় গ্রেডে তিনজন, চতুর্থ গ্রেডে তিনজন এবং ১১১ জনকে বিশেষ গ্রেডে বৃত্তি প্রদান করেছে।

সনদপত্র ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিশু মেধা বিকাশ প্রকল্প, খুলনার ব্যবস্থাপনা পরিচালক এস. এ গফুর।